Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

তারিখঃ ১২/১০/২০২৬ইং

সূত্র নং- রিক/কেন্দ্রীয়/প্রশাসন/২০২৬/০৮৮৯

প্রাপকঃ
সকল কর্মকর্তা/কর্মচারী বৃন্দ
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বিষয়ঃ আসন্ন শারদীয় দুর্গাপুজা ২০২৬ এর ছুটি ও ১৭ অক্টোবর ২০২৬ শনিবার অফিস খোলা রাখা প্রসংগে।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৯১, তারিখঃ ০৭/১০/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আসন্ন শারদীয় দুর্গাপুজা ২০২৬ উপলক্ষে নির্বাহী আদেশে সরকার আগামী ২০ হতে ২২ অক্টোবর ২০২৬ তারিখ যথাক্রমে মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার সকল সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত ও বেসরকারী অফিস/প্রতিষ্ঠান সরকারী ছুটি ঘোষনা করেছে এবং আগামী ১৭ অক্টোবর ২০২৬ তারিখ শনিবার অফিস খোলা রাখার বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) কর্তৃক স্মারক নং-৫৩.০৪.০০০০.০০০.০২১.৯৯.০০১৪.২৬.২০২২ তারিখঃ ১১ অক্টোবর ২০২৬ মোতাবেক পত্র প্রেরন করা হয়েছে (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) এর সকল কার্যালয়ের সকল কার্যক্রম আগামী **১৭ অক্টোবর ২০২৬ তারিখ শনিবার যথারীতি চলমান থাকবে** এবং আগামী **২০ হতে ২২ অক্টোবর ২০২৬ তারিখ** যথাক্রমে মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার ছুটি থাকবে।

ছুটিতে যাওয়ার পূর্বে পালনীয় নির্দেশনাবলী নিম্নরূপঃ

১) ঋণকর্মসূচীর সকল আদায়কৃত অর্থ ব্যাংকে জমাদান নিশ্চিত করে এরিয়ার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করা।
২) অফিসের সকল লাইট, ফ্যান, কম্পিউটার, প্রিন্টার, এসি, গ্যাসের চুলা, পানির ট্যাপ ইত্যাদি যথাযথভাবে বন্ধ রাখা।
৩) অফিসের সকল দরজা, জানালা ও প্রবেশ করা যায় এমন স্থান যথাযথভাবে বন্ধ রাখা।
৪) অফিসের সকল প্রকার নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা।
৫) ছুটির পরে সঠিক সময়ে অফিসে যোগদান করে সকল মালামাল ভালভাবে পর্যবেক্ষন করা।

এছাড়াও সার্বিক নিরাপত্তাজনিত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তাকে বলা হল।

এ ব্যাপারে আপনাদের সার্বিক সহযোগীতা কামনা করছি।

ধন্যবাদান্তে,

আফরোজা লায়লা
পরিচালক
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সদয় অবগতিঃ নির্বাহী পরিচালক মহোদয়।

House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

এমআরএ ভবন, প্লট নং-এফ-১৪(ডি/১)
আগারগাঁও, শেরে বাংলা নগর (প্রশাসনিক এলাকা), ঢাকা-১২০৭

স্মারক নম্বর-৫৩.০৪.০০০০.০০০.০২১.৯৯.০০১৪.২৬ ২০২২

তারিখ: ২৬ আশ্বিন ১৪৩৩ / ১১ অক্টোবর ২০২৬

বিষয়ঃ নির্বাহী আদেশে শারদীয় দুর্গাপূজা ২০২৬ এর ছুটি এবং ১৭ অক্টোবর ২০২৬ শনিবার অফিস খোলা প্রসঙ্গে।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.০০.০০০০.০০০.১৭৫.০৮.০০২০.২৫-৯১, তারিখ:-০৭/১০/২০২৬।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৬ উপলক্ষ্যে নির্বাহী আদেশে সরকার আগামী ২০ হতে ২২ অক্টোবর ২০২৬ তারিখ যথাক্রমে মঙ্গলবার, বুধবার ও বৃহস্পতিবার অন্যান্য অফিসের ন্যায় বেসরকারি অফিস ছুটি এবং আগামী ১৭ অক্টোবর ২০২৬ তারিখ শনিবার অফিস খোলা রাখার বিষয়ে প্রজ্ঞাপন জারি করেছে।

বর্ণিত অবস্থায়, অথরিটির সনদপ্রাপ্ত ও সাময়িক অনুমোদনপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে উক্ত ০৩ (তিন) দিনের ছুটি প্রদান এবং ১৭ অক্টোবর ২০২৬ তারিখ অফিস খোলা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (২ ফর্দ)।

আপনার বিশ্বস্ত,

১১/১০/২০২৬

(মোহাম্মদ আব্দুল মান্নান)
পরিচালক
লাইসেন্স, রেগুলেশন, পলিসি এন্ড লিগ্যাল বিভাগ
ফোন : ০২২২৩৩৭৪৮৭০
ইমেইল: badalsavar@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান (সকল)